দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 1 2 1999
পৃঃ ১৪ কলাম ৬

# নিরক্ষরমুক্ত কালীগঞ্জবাসীর মিলন মেলা

কালীগঞ্জ সংবাদদাতা ॥ নিরক্ষরমুক্ত গাজীপুর গড়ার আওতাধীন কালীগঞ্জ থানার ৮টি ইউনিয়নের ১৮৫টি গ্রামের প্রায় ৪০ হাজার নিরক্ষর কিশোর-কিশোরী ও নারী-পুরুষকে টিএলএম-এর আওতায় ৬ মাস অক্ষরজ্ঞান দানের পর গতকাল শুক্রবার দিনভর থানার মোট ১২৩টি কেন্দ্রে তাহাদের মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করা হয়। জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অর্থবহ এই মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণকারিগণ বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়া অভূতপূর্ব আনন্দঘন মিলন মেলার মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে। সকল কিশোর-কিশোরী-গৃহিণীসহ নারী-পুরুষেরা নবসাজে সজ্জিত হইয়া, দুধের শিশুকে কোলে ঘুম পড়াইয়া এবং স্কুল-কলেজগামী ছাত্র-ছাত্রীরাও তাহাদের বৃদ্ধ মাতা-পিতাকে কেন্দ্রে লইয়া আসিয়া পরীক্ষা দেওয়াইয়াছে। শতকরা ৯০ ভাগ প্রশিক্ষণার্থী এই মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে। গত বছরের ১০ই ডিসেম্বর হইতে এ পর্যন্ত থানার ৪৩৯টি প্রশিক্ষণ কেন্দ্রে এক হাজার ৪৩৯ জন প্রশিক্ষকের নিরলস প্রচেষ্টা এবং উদ্বুদ্ধকরণের মধ্য দিয়া এলাকার নিরক্ষরদের অক্ষর জ্ঞানার্জনে মনযোগী করিয়া তোলা সম্ভব হয়। গতকাল এই মূল্যায়ন পরীক্ষা গ্রহণকালে স্থানীয় সংসদ সদস্য আখতারুজ্জামান, মেহের আফরোজ চুমকি, উপআনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, পরিচালক কারিগরি শিক্ষা, গাজীপুরের জেলা প্রশাসক এবং কালীগঞ্জের টিএনও ছাড়াও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী এবং জনপ্রতিনিধিগণ সকল কেন্দ্রে ঘুরিয়া তদারকীকালে নিরক্ষর মুক্তির এই আন্দোলনের আশাতীত সফলতার প্রেক্ষিতে সন্তোষ প্রকাশ করেন।